

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২) প্রাক্কলন।

বিষয়: Repair of Water line leakage at 22/2, Babar Road and 13/14, Babar Road (Adjacent Geneva Camp) under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন ২২/২, বাবর রোড এবং ১৩/১৪, বাবর রোড (জেনেভা ক্যাম্প সংলগ্ন) এলাকা হতে পানির লাইনে লিকেজ এর অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, বর্ণিত হোল্ডিং সমূহের সামনের রাস্তায় পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পরিমাণে পানি অপচয় হচ্ছে। এতে পানির অপচয় হয়ে বিহারী অধ্যুষিত জেনেভা ক্যাম্প পানির সংকট দেখা দিয়েছে এবং রাস্তায় পানি জমে যাওয়ায় জনসাধারণ ও যানবাহন চলাচল ব্যাহত হচ্ছে। তাই জনস্বার্থে অতিদ্রুত পানির লাইনের লিকেজটি মেরামত করে পানির অপচয় বন্ধ করা প্রয়োজন।

২) উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত লিকেজটি মেরামতের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৪৭,২৬৫/- (সাতচল্লিশ হাজার দুইশত পয়ষট্টি) টাকা মাত্র। কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠান “৫২ ইন্টারন্যাশনাল” এর সহিত সরাসরি চুক্তির (DPM) মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। অত্র কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং-০১-০৪-০০১) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B-18(32) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Repair of Water line leakage at 22/2, Babar Road and 13/14, Babar Road (Adjacent Geneva Camp) under MODS Zone-3, Dhaka WASA কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

- ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য প্রাক্কলিত মোট টাঃ ৪৭,২৬৫/- (সাতচল্লিশ হাজার দুইশত পয়ষট্টি) টাকা মাত্র এর অনুমোদন।
খ) জনস্বার্থে কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM)- ঠিকাদারি প্রতিষ্ঠান “৫২ ইন্টারন্যাশনাল” এর মাধ্যমে সম্পন্ন করার অনুমোদন এবং
গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং-০১-০৪-০০১) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B-18(32) হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লেখিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

মোঃ মজিবুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩ ঢাকা ওয়াসা

SE, MODS Circle-1

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CF

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।